



### সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে শহীদ শেখ রাসেলের ৬০তম জন্মদিন ও শেখ রাসেল দিবস পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৬০তম জন্মদিন ও শেখ রাসেল দিবস-২০২৩ পালিত হয়েছে। ‘শেখ রাসেল দীপ্তিময় নিভীক নির্মল দুর্জয়’ প্রতিপাদ্যে আজ বুধবার (১৮ অক্টোবর ২০২৩) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোঃ ইদ্রিস মিলনায়তনে কেক কাটা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক অধ্যাপক ড. বিপুব মল্লিকের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। অনুষ্ঠানে বক্তব্য রাখেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেন, নোবিপ্রবি ছাত্রলীগ সভাপতি জনাব জাহিদুর রহমান (নাসৈম রহমান) ও নোবিপ্রবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক জনাব জাহিদ হাসান গুপ্ত। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির বিভিন্ন বিভাগের বিপুল সংখ্যক শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

‘শেখ রাসেল দিবস’ উপলক্ষে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম এক শুভেচ্ছা বার্তায় বলেন, ‘শহীদ শেখ রাসেল ছিলেন অত্যন্ত বিনয়ী। ছেটবেলাতেই শেখ রাসেলের মাঝে দেখা গেছে একজন আদর্শ মানুষের গুনাবলি। শেখ রাসেল বেঁচে থাকলে আজ দেশের জন্য কাজ করতেন এবং নেতৃত্ব দিতেন। ঘাতকরা বঙ্গবন্ধুর রক্তের উত্তরাধিকারদের নিশ্চিহ্ন করতে চেয়েছিল, কিন্তু তারা সফল হয়নি। আমি শহীদ শেখ রাসেলের কাছের মাগফিরাত কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, ‘আজ জাতির পিতার কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৬০তম জন্মদিন ও শেখ রাসেল দিবস। পনেরো আগস্টের হত্যাকাণ্ডের মাধ্যমে তারা বঙ্গবন্ধুর আদর্শকে হত্যা করতে চেয়েছিল। একই উদ্দেশ্যে শিশু রাসেলকেও সেদিন ঘাতকেরা নির্মমভাবে হত্যা করে। কিন্তু তাদের সে ঘৃণ্য উদ্দেশ্য সফল হয়নি। জাতির পিতার সুযোগ্য কল্যান মাননীয় প্রধানমন্ত্রী দেশের শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। শহীদ শেখ রাসেলের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি এবং তাঁর আত্মার মাগফিরাত কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, ‘শ্রদ্ধার সাথে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতির পিতার পরিবারের সকল শহীদ সদস্যদের। শহীদ শেখ রাসেল যদি বেঁচে থাকতেন তাহলে আজ দেশের জন্য কাজ করতে পারতেন। এখন আমাদের দায়িত্ব জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী দেশের শেখ হাসিনার ভিশনগুলো বাস্তবায়নে সহায়তা করা। সবাইকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির বিভিন্ন অনুষ্ঠানের ডিনবন্দ, ইনসিটিউটসমূহের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবন্দ, হলের প্রভোস্টবন্দ, শিক্ষক সমিতির নেতৃবন্দ, অফিসার্স এসোসিয়েশনের নেতৃবন্দ, বিভিন্ন সংগঠনের নেতৃবন্দ এবং ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবন্দ।

R. Md. Md.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

